BDBL

জেনারেল ম্যানেজার, প্রিন্সিপাল ব্রাঞ্চ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

এবং

উপব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২৩ – জুন ৩০, ২০২৪

# সূচিপত্র


| | | | |
|---|---|---|---|
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক **চিত্র** | | | ৩ |
| প্রস্তাবনা | | | ৪ |
| সেকশন ১ | ঃ | দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী | ৫ |
| সেকশন ২ | ঃ | দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩ | ঃ | কর্মসম্পাদন পরিকল্পনা | ৭ |
| সংযোজনী ১ | ঃ | শব্দসংক্ষেপ (Acronyms) | ১৫ |
| সংযোজনী ২ | ঃ | কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১৬ |
| সংযোজনী ৩ | ঃ | অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৮ |
| সংযোজনী ৪-৮ | ঃ | সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ | ১৯ |

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড **এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র**

## (Overview of the Performance of Bangladesh Development Bank Limited)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ**

গত ৩ বছরে অর্থ্যাৎ ২০২০, ২০২১ ও ২০২২ সালে মোট ৪টি নতুন ব্রাঞ্চ খোলা হয়েছে, ঋণ বিতরণ করা হয়েছে ২৫২৮.৭৪ কোটি, অশ্রেণিকৃত ঋণ আদায় ২০২৫.৬৪ কোটি টাকা, শ্রেণিকৃত ঋণ থেকে আদায় ১১৫.৩১ কোটি টাকা ও অবলোপনকৃত ঋণ থেকে আদায় ২৫.১৫ কোটি টাকা। পরিপূর্ণ upgraded version এর Centralised CBS চালুকরণ, গ্রাহক সেবার মান আরো বৃদ্ধির জন্য Debit Card, National Payment Switch এ অংশগ্রহণ, Mobile Apps, e-KYC, Internet Banking এবং রেমিটেন্স পদ্ধতি চালু করা হয়েছে। জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি যাচাই (NID), e-GP, সঞ্চয়পত্র, বিদ্যুৎবিল, ট্রেজারী চালানের অর্থ গ্রহণের সুবিধা রয়েছে। ৫(পাঁচ)টি Authorized Dealer ব্রাঞ্চের মাধ্যমে আমদানী রপ্তানী বাণিজ্যের জন্য SWIFT টেকনোলজি রয়েছে। এলসি কার্যক্রম বৃদ্ধির জন্য Foreign Exchange ম্যানুয়াল-২০২১ সংশোধন, ক্রেডিট পলিসি-২০২২, সিএমএসএমই ঋণনীতি-২০২২, অডিট ম্যানুয়াল-২০২২ সংশোধন করা হয়েছে। ব্যাংকের কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য নতুন মনিটরিং ডিপার্টমেন্ট চালু ও ৪টি জোনাল অফিসকে পূণর্বিন্যাস করে ৬টি করা হয়েছে। ব্যাংকের সকল ব্রাঞ্চে IT নির্ভর সকল প্রকার Online সেবা BACH, RTGS, ACPS, EFT, Online Loan Application System, FTS, Online IT Asset Management System, BDBL Digital Law Suit Management and Monitoring System, BDBL Training Management System, SMS Alert Service এবং ই-নথি চালু রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার "ভিশন-২০২১ এবং রূপকল্প-২০৪১" বাস্তবায়নে এবং বাংলাদেশকে উন্নত দেশ গড়ার লক্ষ্যে বিডিবিএল অগ্রণী ভূমিকা পালন করছে। ২০২০, ২০২১ এবং ২০২২ সালে বিডিবিএল পরিচালন মুনাফা যথাক্রমে ১১.০৬, ৪১.০৮ এবং ৫০.০৩ কোটি টাকা অর্জন করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

কোভিড-১৯ এর প্রভাব ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে ব্যাংকে ঋণ ও অগ্রিম হতে সুদ আয়, ফি ও কমিশন হতে আয়, পুজিঁবাজার হতে আয় এবং ভবন ভাড়াসহ অন্যান্য আয়ের হ্রাস, লোকবলের স্বল্পতা, ব্যাংকের সীমিত অপারেশন কার্যক্রম, ঋণ ও আমানতের স্থিতি তুলনামূলক অনেক কম, লো-কস্ট ডিপোজিটের স্বল্পতা, সব জেলায় শাখার সংখ্যার অপ্রতুলতা এবং ২৯ জেলায় এ ব্যাংকের কোন শাখা না থাকা। তাছাড়া, অধিক পরিমাণ শ্রেণিকৃত ঋণ, উত্তম গ্রাহকের অভাব।

**ভবিষ্যৎপরিকল্পনা:**

শিল্প ঋণ, কৃষি ও পল্লী ঋণ, সিএমএসএমই ঋণ, গ্রিন ব্যাংকিং ও অন্যান্য খাতে ঋণ বিতরণ বৃদ্ধিসহ লোকসানী শাখাসমূহকে লাভজনক করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নিশ্চিত করার লক্ষ্যে Recovery Task Force এর কার্যক্রম জোরদার করা হবে। বিডিবিএল-এর দুটি সাবসিডিয়ারী কোম্পানীর মাধ্যমে পুঁজিবাজারে স্টক ব্রোকারেজ ও স্টক ডিলারের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ কোম্পানীদুটিকে আরও গতিশীল করা হবে। গ্রাহকের মাঝে আধুনিক ডিজিটাইজড Financial সার্ভিস পৌছে দেয়ার লক্ষ্যে নতুন ২টি শাখা খোলা হবে। এছাড়া, চাহিদা অনুযায়ী নতুন পণ্য উদ্ভাবন ও বাজারজাতকরণ, বিভিন্ন গ্রাহকসেবা সহজীকরণ এবং অফিসার ও স্টাফদের কর্মস্পৃহা বৃদ্ধির লক্ষ্যে Reward Policy প্রণয়ন করা হবে।

২০২৩-২৪ **অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- কৃষিঋণ ১৯ কোটি, সিএমএসএমই ঋণ ১৫০ কোটি এবং অন্যান্য ঋণ ৩০০ কোটি টাকা বিতরণ ও বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জন;
- শ্রেণিকৃত ঋণ ও অবলোপনকৃত প্রকল্প হতে যথাক্রমে ৫০কোটি ও ১৩ কোটি টাকা আদায় এবং ঋণ আদায়ের মাধ্যমে শ্রেণিকৃত ঋণ ৯৫০ কোটিতে নামিয়ে আনা;
- ২০২৩-২৪ অর্থবছরে স্বল্পব্যয়ী আমানত মোট আমানতের ৩৫% এ উন্নীতকরণ;
- ২০২৩-২৪ অর্থবছরে ৫০.০০ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জন করা; এবং
- ২০২৩-২৪ অর্থবছরে লোকসানী শাখার সংখ্যা ১৫টিতে কমিয়ে আনা।

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেনারেল ম্যানেজার, প্রিন্সিপাল ব্রাঞ্চ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

এবং

উপব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড-এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

# সেকশন-১

## বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী

### ১.১: রূপকল্প (Vision):

দেশের অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন বেসরকারী শিল্পখাত ও অর্থনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ প্রকল্পে সহায়তা করতে দেশের প্রথম শ্রেণির বাণিজ্যিক ব্যাংক হিসেবে উন্নীতকরণ এবং দেশব্যাপী সম্মানিত গ্রাহকদের ডিজিটাইজড Financial সেবা প্রদান ও নতুন নতুন ব্যবসা সম্প্রসারণের ক্ষেত্রে সক্রিয়ভাবে অংশগ্রহণ।

### ১.২: অভিলক্ষ্য (Mission):

সেবা প্রদানের ক্ষেত্রে অন্যান্য ব্যাংকের সাথে প্রতিযোগিতামূলক হওয়া। বিনিয়োগের জন্য নতুন ও লাভজনক ক্ষেত্র নির্বাচনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখা। উৎপাদনশীল খাতে বিনিয়োগের জন্য আমানত বৃদ্ধি করা। বাণিজ্যিক ও ভৌগলিকভাবে গুরুত্বপূর্ণ স্থানসমূহে ব্রাঞ্চের নেটওয়ার্ক বিস্তৃত করা। যোগ্যতা সম্পন্ন মানব সম্পদ নিয়োগ ও দেশে-বিদেশে যথাযথ প্রশিক্ষণ ও অনুপ্রেরণার মাধ্যমে তাঁদের কর্মদক্ষতার উৎকর্ষতা সাধন করা। যথাযথ জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে অধিকতর ক্ষমতা অর্পন করা। ব্যবসায়িক নীতিমালা ও পদ্ধতিতে হালনাগাদ ও চলমান উন্নয়ন সাধনের ব্যবস্থা নিশ্চিত করা। নতুন টেকনোলজি গ্রহণ এবং তা ব্যবহারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া। শক্তিশালী, দক্ষ এবং দূরদর্শী আর্থিক কর্মদক্ষতার মাধ্যমে সর্বোচ্চ মুনাফা অর্জন করা এবং বাজার চাহিদার উপর ভিত্তি করে নতুন নতুন সেবার প্রচলন ও বিপণন করা।

### ১.৩: কর্মসম্পাদনের ক্ষেত্র :

#### ১.৩.১ : বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর কর্মসম্পাদনের ক্ষেত্র :

১) ঋণ ও অগ্রিম বিতরণসহ অন্যান্য বিনিয়োগ এবং নারীর ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদেরকে ঋণ সুবিধা প্রদান;
২) ব্যাংকের নন-পারফরমিং ঋণ সন্তোষজনক পর্যায়ে রাখা এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার উন্নয়ন;
৩) প্রতিষ্ঠানের আর্থিক ভিত্তি শক্তিশালীকরণসহ ঝুঁকি হ্রাস ও প্রসাশনিক শৃঙ্খলা সুসংহতকরণ;
৪) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং গ্রাহক সেবার মান উন্নয়ন।

#### ১.৩.২ : সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র :

১) সুশাসন ও সংস্কারমূলক কাঁযক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

### ১.৪ : কার্যাবলি (Functions) :

১) চলতি, সঞ্চয়ী, স্বল্পমেয়াদী, স্থায়ী আমানত ও বিবিধ ডিপোজিট স্কীমের মাধ্যমে আমানত সংগ্রহ;
২) কৃষি, পল্লী, সিএমএসএমই, নারী উদ্যোক্তা ঋণ, গৃহনির্মাণ, শিল্প ও ব্যবসায়িক ঋণ প্রদান ;
৩) বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত কার্যক্রম; এবং
৪) সাবসিডিয়ারি কোম্পানীর মাধ্যমে পুঁজিবাজারে সক্রিয় অংশগ্রহণ ।

সেকশন-২:

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন (২০২১-২২) | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | ২০২৩-২০২৪ লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | (২০২৪-২০২৫) | (২০২৫ - ২০২৬) | | |
| ব্যাংকিং খাতে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি | গ্রাহকেরসংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | লক্ষ জন | ১.৪১ | ১.৩৫ | ১.৫০ | ১.৭০ | ১.৮০ | সকল ব্রাঞ্চ ও জোনাল অফিস এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহ | ব্যাংকের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন। |
| ব্যাংকের আর্থিক অবস্থার উন্নয়ন | নীট মুনাফা | কোটি টাকা | ৬.৭৮ | ৭.৭৮ | ৯.০০ | ১২.০০ | ১৫.০০ | সকল ব্রাঞ্চ ও জোনাল অফিস এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহ | ব্যাংকের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন। |
| ব্যাংকের ঋণের মান উন্নয়ন | শ্রেণিকৃত ঋণের হার | % | ৩০.৮৯ | ৩৮.০৬ | ২৫.০০ | ২০.০০ | ১৫.০০ | সকল ব্রাঞ্চ ও জোনাল অফিস এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহ | ব্যাংকের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন। |

## সেকশন-৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপন ২০২৪-২৫ | প্রক্ষেপন ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [১.২] সিএমএসএমই ঋণ বিতরণ ও আদায় | (১.২.১) বিতরণকৃত সিএমএসএমই ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | | ১.৮ | ১৫ | | | | | ১৭ | ১৯ |
| | | | (১.২.২) আদায়কৃত সিএমএসএমই ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | | ১.৪৩ | ০.৭০ | | | | | ১ | ১.২০ |
| | | [১.৩] শিল্প ঋণ বিতরণ ও আদায় | (১.৩.১) বিতরণকৃত শিল্প ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | | ১০২ | ৪০ | | | | | ৫০ | ৬০ |
| | | | (১.৩.৩) আদায়কৃত শিল্প ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | | ১৫০ | ১২০ | | | | | ১৩০ | ১৪০ |
| | | [১.৪] অন্যান্য বিনিয়োগ (কৃষি, সিএমএসএমই ও শিল্প ঋণ, নারী উদ্যোক্তা ঋণ ব্যতিত সকল ঋণ ও ট্রেজারী বন্ডে মোট বিনিয়োগ) | (১.৪.১) অন্যান্য বিনিয়োগকৃত অর্থ | সমষ্টি | কোটি টাকা | ৩ | | ১৭.৫৪ | ৩০ | | | | | ৩৫ | ৪০ |
| | | [১.৫] নারী উদ্যোগক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায় | (১.৫.১) নতুন নারী উদ্যোগক্তার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | | ২ | ৫ | | | | | ১০ | ২০ |
| | | | (১.৫.২) বিতরণকৃত ঋণের পরিমান | সমষ্টি | কোটি টাকায় | ২ | | ০.১০ | ০.৫ | | | | | ১ | ২ |
| | | | (১.৫.৩) আদায়কৃত ঋণের পরিমাণ | সমষ্টি | কোটি টাকায় | ২ | | ১.২৩ | ০.২ | | | | | ০.৫ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপন ২০২৪-২৫ | প্রক্ষেপন ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] ব্যাংকের নন-পারফরমিং ঋণ সন্তোষজনক পর্যায়ে রাখা এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার উন্নয়ন; | ১৮ | [২.১] শ্রেণিকৃত ঋণের স্থিতি হ্রাসকরণ ও নগদ আদায় | (২.১.১) শ্রেণিকৃত ঋণের স্থিতি | ক্রমপুঞ্জিভুত | কোটি টাকা | ৩ | | ৩০০ | ২৬৫ | | | | | ২০০ | ১৫০ |
| | | | (২.১.২) আদায়কৃত অর্থ | সমষ্টি | | ৩ | | ৯৪.৫৯ | ৩৫ | | | | | ৪০ | ৫০ |
| | | [২.৩] স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি ও পরিচালন মুনাফা অর্জন | (২.৩.১) স্বল্পব্যয়ী আমানতের হার | ক্রমপুঞ্জিভুত | % | ২ | | ৩৫ | ৩৫ | | | | | ৪৫ | ৫০ |
| | | | (২.৩.২) অর্জনকৃত পরিচালন মুনাফা | সমষ্টি | কোটি টাকা | ২ | | ১১.৫৮ | ২০ | | | | | ৬০ | ৮০ |
| [৩] প্রতিষ্ঠানের আর্থিক ভিত্তি শক্তিশালীকরণ সহ ঝুঁকি হ্রাস ও প্রসাশনিক শৃঙ্খলা সুসংহতকরণ | | [৩.২]মামলা নিষ্পত্তিকরণ | (৩.২.১) নিষ্পত্তিকৃত রিট মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | ০ | ৪ | | | | | ৮ | ১০ |
| | | | (৩.২.২) নিষ্পত্তিকৃত অর্থঋণ মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | ১ | ২ | | | | | ৪ | ৭ |
| | | | (৩.২.৩) নিষ্পত্তিকৃত অন্যান্য মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | ০ | ৬ | | | | | ১০ | ১৫ |
| [৪] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং গ্রাহক সেবার মান উন্নয়ন। | ১২ | [৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ | (৪.১.১) ডবিট কার্ডের নতুন হিসাব সংখ্যা | সমষ্টি | সংখ্যা (হাজার) | ২ | | ০.৩ | ০.৪ | | | | | ১ | ২ |
| | | | (৪.১.২) RTGS এ লেনদেনকৃত অর্থের পরিমান | সমষ্টি | কোটি টাকায় | ২ | | ৩৫২.৪৬ | ৪০০ | | | | | ৫০০ | ৬০০ |
| | | | (৪.১.৩) BEFTN এ লেনদেনকৃত অর্থের পরিমান | সমষ্টি | কোটি টাকায় | ২ | | ১২৯.১০ | ১৫০ | | | | | ২০০ | ২৫০ |
| | | [৪.২] মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস চালুকরণ | (৪.২.১) Internet banking Fund Transfer(IBFT)-এর মাধ্যমে লেনদেনকৃত অর্থের পরিমান। | সমষ্টি | কোটি টাকায় | ২ | | - | ১৫ | | | | | ২০ | ২৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপন ২০২৪-২৫ | প্রক্ষেপন ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | (৪.২.২) KYC এর মাধ্যমে ওপেনকৃত হিসাব সংখ্যা | সমষ্টি | সংখ্যা (হাজার) | ২ | | ০.৪ | ০.৪ | | | | | ১ | ২ |
| | | [৪.৩] স্কুল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ | [৪.৩.১] স্কুল ব্যাংকিং এর নতুন হিসাব সংখ্যা | সমষ্টি | সংখ্যা (হাজার) | ২ | | ০.০৩ | ০.০৪ | | | | | ১ | ২ |

আমি, জেনারেল ম্যানেজার, প্রিন্সিপাল ব্রাঞ্চ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, উপব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড হিসেবে জেনারেল ম্যানেজার, প্রিন্সিপাল ব্রাঞ্চ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

Md. Ekhtiar Uddin
General Manager
Bangladesh Development Bank Ltd.
Principal Branch, Dhaka.

| | |
|---|---|
| জেনারেল ম্যানেজার,<br>প্রিন্সিপাল ব্রাঞ্চ<br>বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড | তারিখ |
| উপব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড | তারিখ |